# বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
Bangladesh Medical University
শাহবাগ,ঢাকা-১০০০।

স্মারকনং-বিএমইউ/২০২৬/৮৩৩৮

তারিখঃ ১০/০৮/২০২৬ইং

## নিয়োগ বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয়ের নিয়োগ সংবিধি অনুযায়ী নিম্নে বর্ণিত পদে নিয়োগের জন্য বাংলাদেশের নাগরিকদের কাছ থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীগণকে অনলাইনে আবেদন করতে হবে।

| ক্র.নং | পদের নাম ও গ্রেড | পদ সংখ্যা | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১. | ফার্মাসিষ্ট<br>বেতন স্কেল :<br>টাঃ ২২,০০০- ৫৩,০৬০/-<br>গ্রেড-০৯ | ০৪<br>(চার জন) | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এম-ফার্ম ডিগ্রি প্রাপ্ত এবং বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল হতে রেজিষ্ট্রেশন প্রাপ্ত।<br>DGDA কর্তৃক মডেল ফার্মেসী ট্রেনিং প্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>**অভিজ্ঞতাঃ** যে কোন প্রতিষ্ঠিত হাসপাতালে ফার্মাসিষ্ট হিসেবে নূন্যতম ০৩(তিন) বছরের কার্য অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০২. | স্টোর অফিসার<br>বেতন স্কেল :<br>টাঃ ১৬,০০০- ৩৮,৬৪০/-<br>গ্রেড-১০ | ০১<br>(এক জন) | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতকোত্তর/সমমান ডিগ্রি প্রাপ্ত হতে হবে। স্টোর ম্যানেজমেন্টের উপর বিশেষ কোর্স করা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>**অভিজ্ঞতাঃ** যে কোন প্রতিষ্ঠিত হাসপাতালে ফার্মেসী স্টোর পরিচালনায় ন্যূনতম ০৩ (তিন) বছরের কার্য অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৩. | ডিসপেনসিং ফার্মাসিষ্ট (ডিপ্লোমা)<br>বেতন স্কেল :<br>টাঃ ১২,৫০০- ৩০,২৩০/-<br>গ্রেড-১১ | ১০<br>(দশ জন) | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ফার্মেসীতে ডিপ্লোমা ডিগ্রি প্রাপ্ত এবং বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল হতে রেজিষ্ট্রেশন প্রাপ্ত হতে হবে।<br>**অভিজ্ঞতাঃ** যে কোন প্রতিষ্ঠানে ফার্মাসিষ্ট হিসেবে ন্যূনতম ০৩ (তিন) বছরের কার্য অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৪. | ক্যাশিয়ার<br>বেতন স্কেল :<br>টাঃ ১০,২০০- ২৪,৬৮০/-<br>গ্রেড-১৪ | ০৪<br>(চার জন) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বানিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রি প্রাপ্ত হতে হবে। কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।<br>**অভিজ্ঞতাঃ** যে কোন প্রতিষ্ঠিত হাসপাতালে ফার্মেসী ক্যাশ পরিচালনায় ন্যূনতম ০২(দুই) বছরের কার্য অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৫. | সহকারী কম্পিউটার অপারেটর<br>বেতন স্কেল :<br>টাঃ ১০,২০০- ২৪,৬৮০/-<br>গ্রেড-১৪ | ০১<br>(এক জন) | সকল পাবলিক পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ /সমমানসহ স্নাতক বা সমমান ডিগ্রি প্রাপ্ত হতে হবে। সরকার কর্তৃক অনুমোদিত কম্পিউটার প্রশিক্ষন কেন্দ্র হতে ০৬ (ছয়) মাসের প্রশিক্ষণ কোর্স সম্পন্ন হতে হবে।<br>**অভিজ্ঞতাঃ** বাংলা ও ইংরেজি মাধ্যমে কম্পিউটার টাইপিং এ মিনিটে যথাক্রমে ২০ ও ২৫ শব্দ হতে হবে। যে কোন প্রতিষ্ঠানে ন্যূনতম ০২(দুই) বছরের কার্য অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৬. | স্টোর কিপার<br>বেতন স্কেল :<br>টাঃ ৯৩০০- ২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | ০১<br>(এক জন) | যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রি প্রাপ্ত হতে বা সাপ্লাই চেইনম্যানেজমেন্ট এ ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>**অভিজ্ঞতাঃ** যে কোন প্রতিষ্ঠিত হাসপাতালে ফার্মেসী স্টোর পরিচালনায় ন্যূনতম ০২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |

শর্তাবলীঃ

১. আগামী ০১/০৯/২০২৬ খ্রীঃ তারিখে আবেদনকারীর বয়স ৩২ (বত্রিশ) বছরের মধ্যে হতে হবে (ক. মেধাভিত্তিক ৯৩%, খ. মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের জন্য ৫%, গ. ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ১% এবং ঘ. শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের জন্য ১%)।

২. আবেদনপত্র পূরণের নিয়ম ও অন্যান্য শর্তাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।

৩. আগ্রহী প্রার্থীগণ আগামী ১৬/০৮/২০২৬ খ্রীঃ হইতে ৩১/০৮/২০২৬ খ্রীঃ তারিখ পর্যন্ত অনলাইনে (www.bmu.ac.bd) আবেদন করতে পারবেন।

৪. প্রার্থীগণকে পরীক্ষার ফি পূবালী ব্যাংক লিঃ যে কোন অনলাইন শাখায়,একাউন্ট নম্বর STD-৪৩০, রেজিস্ট্রার, বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয় এর অনুকূলে পূবালী ব্যাংক লিঃ, শাহবাগ এভিনিউ শাখা, ঢাকা এর বিপরীতে আগামী ১৬/০৮/২০২৬ খ্রীঃ তারিখ থেকে ৩১/০৮/২০২৬ খ্রীঃ তারিখ পর্যন্ত ব্যাংক চলাকালীন সময়ের মধ্যে ৫০০/- (পাঁচশত) টাকা জমা দিয়ে রশিদের কপি সংগ্রহ করতে হবে। টাকা জমা দেয়ার একদিন পর অনলাইনে আবেদনপত্র দাখিল করা যাবে।

৫. অনলাইনে আবেদন করার সময় প্রার্থীর আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে যা Upload করতে হবেঃ
   - ৫.১ সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি(২৪০x২৪০ পিক্সেল)
   - ৫.২ স্বাক্ষরের ছবি (৩০০ x৮০ পিক্সেল);
   - ৫.৩ টাকা জমার ব্যাংক রশিদের কপি; ও
   - ৫.৪ মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সনদপত্র।

৬. আবেদন করার সময়ে প্রদত্ত Tracking Number এবং প্রার্থীর নির্বাচিত Password যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। পরবর্তীতে Admit Card প্রিন্ট করাসহ আবেদনপত্র সংক্রান্ত বিভিন্ন প্রয়োজনে এই Tracking Number এবং Password ব্যবহার করতে হবে।

৭. Admit Card প্রিন্ট, লিখিত ও মৌখিক পরীক্ষা সংক্রান্ত সকল তথ্যাদি যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.bmu.ac.bd) ও এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

৮. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকেই কেবলমাত্র মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহবান করা হবে।

৯. প্রার্থীদের প্রাথমিকভাবে কোন সনদপত্র Upload/দাখিল করতে হবেনা, তবে মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হওয়ার সময় আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে নিম্নলিখিত সনদপত্রসমূহের মূলকপি দেখাতে হবে এবং এক সেট ফটোকপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবেঃ
   - ৯.১ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;
   - ৯.২ জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ;
   - ৯.৩ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/পৌরসভার চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
   - ৯.৪ চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র; ও
   - ৯.৫ মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সনদপত্র।

১০. লিখিত ও মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১. নির্দিষ্ট সময়সীমার পর প্রাপ্ত আবেদন ও অসম্পূর্ণ বা মিথ্যা তথ্য সম্বলিত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২. নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও পদ সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৩. নিয়োগ প্রক্রিয়া চলাকালীন বা নিয়োগ প্রাপ্তির পরেও যদি কোন শর্তাদিতে অসংগতি বা ভুল তথ্য প্রমাণিত হয় তবে নির্বাচন বা নিয়োগ বাতিল করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০/০৮/২৬

(অধ্যাপক ডাঃ মোঃ মোস্তফা কামাল)
রেজিস্ট্রার